

# জরুরি অবস্থায় চিকিৎসার জন্য Medicaid মেডিকেল কন্ডিশন (“জরুরি Medicaid”)

অবিলম্বে চিকিৎসা করাতে হবে এমন অবস্থায় Medicaid, যা জরুরি Medicaid নামে পরিচিত, যোগ্য, নথিভুক্ত নন ও সাময়িক অভিবাসী নিউ ইয়র্কারদের জরুরি অবস্থায় চিকিৎসার খরচ মেটাতে সহায়তা করে। \*

## আমি কি জরুরি Medicaid পরিষেবা পেতে পারব?

আপনি সম্পূর্ণ Medicaid পাওয়ার প্রয়োজনীয়তাগুলি পূরণ করলেও আপনার অভিবাসন স্থিতির কারণে তার যোগ্য না হলেও আপনি জরুরি Medicaid পাওয়ার যোগ্য হতে পারেন।

যোগ্য হতে হলে, আপনাকে অবশ্যই:

- + আয়ের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে (আয় কম হতে হবে)।
- + NYS এর একজন বাসিন্দা হতে হবে (সাময়িক সময়ের জন্য আইনি বাসিন্দাদের স্টেট রেসিডেন্সি প্রয়োজনীয়তা পূরণ করতে হবে না)।
- + আপনার জরুরি চিকিৎসার (মেডিকেল ইমার্জেন্সি) প্রয়োজন দেখা দিলে যেকোনো হাসপাতালেই আপনি চিকিৎসা পেতে পারবেন, তা চিকিৎসার খরচ মেটানোর ক্ষমতা আপনার থাকুক বা নাই থাকুক।



## কীভাবে দরখাস্ত করবেন

- + আগামী দিনে দেখা দিতে পারে এমন কোনো জরুরি অবস্থার কথা ভেবে আগাম অনুমোদন নিয়ে রাখতে আপনি যখন খুশি সাইন আপ করতে পারেন। আপনি আপনার নাম আগাম লিখিয়ে রাখলে, আপনি আগামী 12 মাসের জরুরি অবস্থার খরচের অনুমোদন পেয়ে যাবেন।
- + আপনার বয়স 65 বছরের ভিতরে হলে, আপনি অনলাইনেই নাম লেখাতে পারবেন। NY State of Health এর ওয়েবসাইট [nystateofhealth.gov](http://nystateofhealth.gov) দেখুন বা 1-855-355-5777 নম্বরে কল করুন।
- + 65 বছর বা তার বেশি বয়স্কদের অধিকাংশকে বা যারা অসমর্থ তাদেরকে একটি আলাদা দরখাস্ত পূরণ করতে হবে। নাম লেখাতে সহায়তা পেতে, 347-396-4705 নম্বরে কল করুন।
- + আপনি জরুরি অবস্থায় বা তারপরে হাসপাতালেই সাইন আপ করতেও পারবেন। জরুরি চিকিৎসার খরচ পেতে চিকিৎসার তিন মাসের ভিতরে আপনাকে সাইন আপ করতে হবে।

### আপনি যোগ্য কিনা সেই বিষয়ে নিশ্চিত নন?

কোনো অসুবিধা নেই - তা জানতে আপনি যখন খুশি দরখাস্ত করতে পারেন। আওতাভুক্ত হওয়ার কী কী বিকল্প আপনার কাছে রয়েছে তা জেনে নেওয়া এখন খুবই সহজ হয়ে গেছে! আরো জানতে 311 নম্বরে কল করুন।



## স্বাস্থ্য বিমার জন্য আবেদন জানালে তাতে আপনার অভিবাসন স্থিতি প্রভাবিত হবে না

জরুরি Medicaid বা সম্পূর্ণ Medicaid পাওয়ার আবেদন জানালে বা তা পেলে তাতে কোনো ব্যক্তির আইনি স্থিতির জন্য আবেদন জানানোর ক্ষেত্রে কোনো প্রভাব ফেলবে না এবং US ইমিগ্রেশন অ্যান্ড কাস্টম এনফোর্সমেন্ট (ICE) বা US সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (USCIS) এ তা রিপোর্ট করা হয় না।

\* আইনি ভাবে থাকা অভিবাসী ও সাময়িক অভিবাসীরা সম্পূর্ণ Medicaid বা অত্যাবশ্যিক প্ল্যানের জন্য যোগ্য হতে পারেন। উভয়ই জরুরি নয় এমন অবস্থাতেও সেবা পাওয়ার আওতাভুক্ত।



## জরুরি MEDICAID কি আমার স্বাস্থ্য চিকিৎসা বাবদ আমার সমস্ত খরচ মেটাবে?

না। আপনি শুধুমাত্র তখনই জরুরি Medicaid এর তরফ থেকে চিকিৎসা বাবদ খরচ পাবেন যখন আপনার গুরুতর কোনো শারীরিক অসুস্থতার কারণে আপনাকে অবিলম্বে চিকিৎসা করতে হবে। গুরুতর শারীরিক অসুস্থতা বলতে হার্ট অ্যাটাক বা দারুণ ব্যথাকে বোঝানো হয় যা বিনা চিকিৎসায় এক বিপজ্জনক মাত্রায় পৌঁছে যেতে পারে। জরুরি Medicaid, কিডনি ডায়ালিসিস ও জরুরি অবস্থায় প্রসব যন্ত্রণা ও সন্তানের জন্ম দেওয়া বাবদ খরচও মেটায়। জরুরি অবস্থার চিকিৎসায় প্রয়োজনীয় ওষুধপত্র ও ক্যান্সার রোগের চিকিৎসায় লাগা কিছু প্রেসক্রিপশন ড্রাগ বাবদ খরচও মেটানো হয়।



## আমার যদি বিমা করানো না থাকে ও আমাকে ডাক্তার দেখাতে হয় তাহলে কী হবে?

আপনার স্বাস্থ্য বিমা নেই অথচ আপনি সেবা পেতে চান, এই অবস্থাতেও আপনি NYC থেকে তা পেতে পারবেন। সিটির সরকারী হাসপিটাল সিস্টেম (NYC Health + Hospitals) ও কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রগুলি আপনার আয় অনুসারে কম খরচে চিকিৎসার সুবিধা দিয়ে থাকে। রাজ্যের আইন অনুসারে, বেসরকারী হাসপাতালগুলিকেও আয় কম এমন রোগীদের তাদের অভিবাসন স্থিতি নির্বিশেষে দাতব্য চিকিৎসা ও আর্থিক সহায়তা দিতে হয়।

আরো জানতে: NY State of Health এর ওয়েবসাইট

[nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov) দেখুন বা 1-855-355-5777 বা 311 নম্বরে কল করুন

**NYC**  
Human Resources  
Administration  
Department of  
Social Services  
FLY-957 (BE)  
04/16



কপিরাইট 2016, এই তথ্যপত্রটি NYC Human Resources Administration Office of Citywide Health Insurance Access এর তরফ থেকে শুধুমাত্র তথ্য জানার খাতিরেই দেওয়া হয়েছে। এই তথ্যপত্রের পুরোটা বা তার কোনো অংশ আবার তৈরি করতে অনুমতি নিতে New York City Human Resources Administration এ যোগাযোগ করুন।